

শনিবার 'নিজের ঢাকায়' ফিরছে মেয়র আনিসুলের মরদেহ

নিজস্ব প্রতিবেদক

প্রকাশিত: ০৬:২০ পিএম, ৩০ নভেম্বর ২০১৭



দীর্ঘদিন অসুস্থ থাকার পর বৃহস্পতিবার না ফেরার দেশে চলে গেলেন ঢাকা উত্তর সিটি কর্পোরেশনের (ডিএনসিসি) মেয়র আনিসুল হক (ইন্মালিলাহি...রাজিউন)। বৃহস্পতিবার লন্ডন স্থানীয় সময় বিকেল ৪টা ২৩ মিনিট এবং বাংলাদেশ সময় রাত ১০টা ২৩ মিনিটে ইন্তেকাল করেন ঢাকার এই দাপুটে মেয়র।

সকল আনুষ্ঠানিকতা শেষে আগামী শনিবার (২ ডিসেম্বর) সকালে ঢাকায় আনা হবে মেয়রের মরদেহ। এদিন তার মরদেহ বহনকারী বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বিজি-২০২ ফ্লাইটটি সিলেট হয়ে দুপুর ১২টায় ঢাকায় পৌঁছাবে।

ডিএনসিসি'র প্রধান জনসংযোগ কর্মকর্তা এ এস এম মামুন জাগো নিউজকে জানান, প্রয়াত মেয়রের প্রথম জানাজা শুক্রবার বাদ জুমা লন্ডনের রিজেন্ট সেন্ট্রাল পার্ক মসজিদে অনুষ্ঠিত হবে। শনিবার বাংলাদেশে আনা হবে তার মরদেহ। ওইদিনই বাদ আসর আর্মি স্টেডিয়ামে জানাজা শেষে বনানী কবরস্থানে তাকে দাফন করা হবে।

গত ২৯ জুলাই নাতির জন্ম উপলক্ষে ব্যক্তিগত সফরে সপরিবারে যুক্তরাজ্য যান আনিসুল হক। সেখানে অসুস্থ হয়ে পড়লে ১৩ আগস্ট তাকে লন্ডনের ন্যাশনাল নিউরোসায়েন্স হাসপাতালে ভর্তি করা হয়। পরীক্ষা-নিরীক্ষার পর তার মস্তিষ্কে প্রদাহজনিত রোগ 'সেরিব্রাল ভাস্কুলাইটিস' শনাক্ত করেন চিকিৎসকরা।

এরপর তাকে নিবিড় পরিচর্যা কেন্দ্রে (আইসিইউ) রেখে চিকিৎসা দেয়া হচ্ছিল। ধীরে ধীরে অবস্থার উন্নতি ঘটলে তাকে গত ৩১ অক্টোবর আইসিইউ থেকে রিহ্যাবিলিটেশন সেন্টারে স্থানান্তর করা হয়। গত সোমবার অবস্থার অবনতি হলে তাকে রিহ্যাবিলিটেশন সেন্টার থেকে পুনরায় আইসিইউতে স্থানান্তর করা হয়।